

কৃষি আবহাওয়া বার্তা

রাজ্য: পশ্চিমবঙ্গ

তারিখ: ২১-০৯-২০২৩

গত ৩ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (১৮-০৯-২০২৩ থেকে ২০-০৯-২০২৩ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত)।

উক্ত সময়ের মধ্যে:

১৮ সেপ্টেম্বর: গাঙ্গেয় পশ্চিমবঙ্গে এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলে দক্ষিণ পশ্চিম মৌসুমী বর্ষা অবদমিত ছিল। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দুয়েক জায়গায় বৃষ্টিপাত হয়েছে।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) : গুশকরা: ৫; কাঁথি:৩; শ্রীনিকেতন, দুর্গাচক:১

১৯ সেপ্টেম্বর: পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলে দক্ষিণ পশ্চিম মৌসুমী বর্ষা অবদমিত ছিল। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পূর্ব মেদিনীপুর জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাত হয়েছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের অধিকাংশ জায়গায় এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কয়েক জায়গায় বৃষ্টিপাত হয়েছে।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার): পাঁশকুড়া:৭; জঙ্গিপুর:৪

২০ সেপ্টেম্বর: গাঙ্গেয় পশ্চিমবঙ্গের এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের অধিকাংশ জায়গায় বৃষ্টিপাত হয়েছে।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) : আলিপুরদুয়ার, আমগাছিয়া:৪

আপেক্ষিক আর্দ্রতা (শতাংশ) : উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৭৮ থেকে ৮৯ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৭৫ থেকে ৯৪ শতাংশ।

শুষ্ক ও আর্দ্র জলবায়ুর সম্ভবতা (১৭.০৯.২০২৩ থেকে ২৩.০৯.২০২৩ পর্যন্ত):

জেলা	আর্দ্র	শুষ্ক	জেলা	আর্দ্র	শুষ্ক
বাঁকুড়া	৩৭	৬৩	হাওড়া	৪৪	৫৬
বীরভূম	৩২	৬৮	মুর্শিদাবাদ	৩৩	৬৭
বর্ধমান	৪৭	৫৩	নদীয়া	৩৬	৬৪
হুগলী	৩০	৭০	২৪ পরগনা	৩৫	৬৫
পুরুলিয়া	৪১	৫৯			

পরবর্তী ৩ দিনের আবহাওয়ার পূর্বাভাস :

২১ সেপ্টেম্বর (দিন ১) -

পশ্চিমবঙ্গের অধিকাংশ জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের ভূমি অঞ্চলের জেলাগুলিতে আগামী ৫ দিন, দিনের তাপমাত্রায় বড় কোনো পরিবর্তন হবে না।

২২ সেপ্টেম্বর (দিন ২)-

পশ্চিমবঙ্গের অধিকাংশ জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলোর অনেক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা আছে।

২৩ সেপ্টেম্বর (দিন ৩) -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোর এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বীরভূম, মুর্শিদাবাদ, পশ্চিম বর্ধমান, নদীয়া জেলার অধিকাংশ জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলোর অনেক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা আছে।

সতর্কীকরণ:

২১ সেপ্টেম্বর (দিন ১) -

১) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কালিম্পাও ও জলপাইগুড়ি জেলার দুয়েক জায়গায় ভারী থেকে অতি ভারী (০৭-২০ সেমি) বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা সহ দুয়েক জায়গায় প্রবল ভারী বৃষ্টিপাতের (>২০ সেমি) সম্ভাবনা আছে।

২) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কোচবিহার ও আলিপুরদুয়ার জেলার দুয়েক জায়গায় ভারী থেকে অতি ভারী (০৭-২০ সেমি) বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা আছে।

৩) গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বীরভূম ও মুর্শিদাবাদ জেলার এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের মালদা, উত্তর ও দক্ষিণ দিনাজপুর জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাতের (০৭-১১ সেমি) সম্ভাবনা আছে।

৪) গাঙ্গেয় পশ্চিমবঙ্গের সব জেলার এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের মালদা, উত্তর ও দক্ষিণ দিনাজপুর জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ হওয়ার সম্ভাবনা আছে।

২২ সেপ্টেম্বর (দিন ২)-

১) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কোচবিহার, আলিপুরদুয়ার কালিম্পাও ও জলপাইগুড়ি জেলার দুয়েক জায়গায় ভারী থেকে অতি ভারী (০৭-২০ সেমি) বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা আছে।

২) গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বীরভূম ও মুর্শিদাবাদ জেলার এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের মালদা, উত্তর ও দক্ষিণ দিনাজপুর জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাতের (০৭-১১ সেমি) সম্ভাবনা আছে।

৩) গাঙ্গেয় পশ্চিমবঙ্গের সব জেলার এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের মালদা, উত্তর ও দক্ষিণ দিনাজপুর জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ হওয়ার সম্ভাবনা আছে।

২৩ সেপ্টেম্বর (দিন ৩) -

১) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কোচবিহার ও আলিপুরদুয়ার জেলার দুয়েক জায়গায় ভারী থেকে অতি ভারী (০৭-২০ সেমি) বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা আছে।

২) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, জলপাইগুড়ি ও কালিম্পাঙ্গ জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাতের (০৭-১১ সেমি) সম্ভাবনা আছে।

৩) গাঙ্গেয় পশ্চিমবঙ্গের সব জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ হওয়ার সম্ভাবনা আছে।

পরবর্তী ২ দিনের অনুমান : সামান্য পরিবর্তন হবে।

সুজাতা সায়

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র, আলিপুর, কলকাতা-২৭

২১-০৯-২০২৩